**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 24-02-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Higher Education Ex :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চমাধ্যমিক পরীক্ষা আজ থেকে শুরু হচ্ছে। পরীক্ষাকেন্দ্রে নিরাপত্তা এবং স্বচ্ছতা রক্ষার জন্য সব রকমের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এবছর উচ্চমাধ্যমিকে পরীক্ষায় বসবে মোট ২১ হাজার ৫৭৫ জন পরীক্ষার্থী। এর মধ্যে মাদ্রাসা ফাজিল পরীক্ষায় বসবে ১৯ জন এবং মাদ্রাসা থিওলজিতে পরীক্ষার্থী রয়েছে ৪৯ জন। ৬০টি কেন্দ্রের আওতাধীন ৯৫টি নির্দ্ধারিত বিদ্যালয়ে এই পরীক্ষা গ্রহণ করা হবে।

*************************

**Kishan Samman Nidhi :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহারের ভাগলপুরে কৃষক সম্মান সমারোহের মাধ্যমে দেশের ৯ কোটি ৭০ লক্ষ কৃষককে কৃষক সম্মান নিধির ১৯ তম কিস্তিতে ডিবিটি মারফত ২২ হাজার কোটি টাকা প্রদান করবেন। প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠানের মাধ্যমে ত্রিপুরার ২ লক্ষ ৭৭ হাজার ৯৭০ জন কৃষকের একাউন্টে ৫০ কোটি ৭৬ লক্ষ টাকারও বেশি অর্থ প্রদান করা হবে। কৃষিমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠান সরাসরি রাজ্যেও প্রতিটি কৃষি মহকুমায় সম্প্রচার করা হবে।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত দ্রুত কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে শক্তিশালী আত্মপরিচয় তৈরি করছে। গতকাল আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আরও বলেন, ভারতবাসী নতুন প্রযুক্তি গ্রহণ এবং

ব্যবহারে পিছিয়ে নেই। শ্রী মোদী উল্লেখ করেন, সম্প্রতি প্যারিসে অনুষ্ঠিত কৃত্রিম বদ্ধিমত্তার বিশ্ব সম্মেলনে এই ক্ষেত্রে ভারতের অগ্রগতি প্রশংসিত হয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, আগামী ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবসে তিনি বিভিন্ন ক্ষেত্রে দেশের নির্বাচিত কিছু অনুপ্রেরণাদায়ী নারীর কাছে একদিনের জন্য তাঁর সামাজিক মিডিয়া অ্যাকাউন্টগুলি হস্তান্তর করবেন।

প্রধানমন্ত্রী বলেন, ফিট এবং সুস্থ জাতি গঠনের জন্য স্থূলতার সমস্যা মোকাবেলা করতে হবে।

**************************

**Defence :**

এই প্রথমবারের মতো নারী শান্তিরক্ষীদের দু'দিনের সম্মেলন আজ থেকে নতুন দিল্লিতে অনুষ্ঠিত হবে। ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রক এবং জাতিসংঘ শান্তিরক্ষা কেন্দ্রের সহযোগিতায় পররাষ্ট্র মন্ত্রক এই সম্মেলনের আয়োজন করেছে। সম্মেলনে বিশ্বের ৩৫টি দেশের নারী শান্তিরক্ষীবাহিনীর প্রতিনিধিরা অংশ নেবেন। বিদেশমন্ত্রী ডাঃ এস জয়শঙ্কর সম্মেলনে মূল বক্তব্য রাখবেন।

***********************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন ‘সবার জন্য স্বাস্থ্য’ তাঁর সরকারের সংকল্পের অন্যতম প্রধান স্তম্ভ। প্রধানমন্ত্রী গতকাল মধ্যপ্রদেশের ছতারপুর জেলার বাগেশ্বরধাম মেডিকেল অ্যান্ড সায়েন্স রিসার্চ ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করে একথা বলেন। তিনি জানান, ক্যান্সার প্রতিরোধে এবারের বাজেটে অনেক ঘোষণা দেয়া হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, ক্যান্সারের ওষুধের দাম কমানো হবে এবং আগামী তিন বছরের মধ্যে দেশের প্রতিটি জেলায় ক্যান্সার ডে-কেয়ার সেন্টার খোলা হবে।

**************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু স্বামী দয়ানন্দ সরস্বতী'র জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। গতকাল সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেন, স্বামী দয়ানন্দ সরস্বতী পরিচালিত শিক্ষা ও সমাজ সংস্কার কর্মসূচি সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

****************************

**Blood Donation :**

পরমপুরুষ রামকৃষ্ণ পরমহংসদেবের ১৯০তম আবির্ভাব তিথি'কে সামনে রেখে গতকাল কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে নয়জন মহিলা-সহ মোট ৬৪ জন রক্তদান করেন।

****************************

**Police Football :**

৭৩তম বি এন মল্লিক স্মৃতি অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়ানশিপ আজ থেকে রাজ্যে শুরু হচ্ছে। আগরতলার উমাকান্ত স্টেডিয়ামে সকাল ৯টা ৩০ মিনিটে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। এই আসরে ৪৫টি দল অংশ নিচ্ছে। উদ্বোধনী ম্যাচে গতবারের চ্যাম্পিয়ান মিজোরাম উত্তরপ্রদেশের মুখোমুখি হচ্ছে।

***************************

**State-wise 13 Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় গতকাল ৫টি খেলা হয়। এতে তেলিয়ামুড়ার মাঠে খোয়াই ১৪০ রানে জিরাণীয়াকে, কৈলাসহরের মাঠে ধর্মনগর ১৬ রানে কমলপুরকে, শান্তিরবাজারের মাঠে অমরপুর ১০ উইকেটে সাব্রুমকে, সাব্রুমের মাঠে উদয়পুর ১৭৪ রানে শান্তিরবাজারকে এবং ধর্মনগরের মাঠে তেলিয়ামুড়া ২৬ রানে লংতরাইভ্যালীকে পরাজিত করে।

**************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ ডিগ্রী সেলসিয়াস।

***************************